



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৩০ ডিসেম্বর ২০১৭ খ্রি.

### ভারপ্রাপ্ত মেয়রের কাছে

### জেএসসি-২০১৭ পরীক্ষার ফলাফল হস্তান্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড চট্টগ্রাম প্রকাশিত জেএসসি-২০১৭ পরীক্ষার ফলাফল আজ ৩০ ডিসেম্বর ২০১৭ খ্রি. শনিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র অধ্যাপক নিছার উদ্দিন আহমদ মঞ্জুর হাতে হস্তান্তর করেন। এই সময় চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের কলেজ পরিদর্শক সুমন বড়-য়া, স্কুল পরিদর্শক কাজী নাজিমুল ইসলাম, উপ স্কুল পরিদর্শক মো. আবুল হোসেন ভূইয়া শিক্ষাবোর্ডের পক্ষে উপস্থিত ছিলেন। এ ছাড়াও ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ২১নং ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা নাছিয়া শিরিনসহ চসিকের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৩০ ডিসেম্বর ২০১৭ খ্রি.

### উত্তর কাউন্সিলী ওয়ার্ডে স্মার্ট কার্ড বিতরণ

### কার্যক্রম উদ্বোধনে ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম নগরীর উত্তর কাউন্সিলী ১০নং ওয়ার্ডে নির্বাচন কমিশন কর্তৃক তৈরি স্মার্ট কার্ড বিতরণ শুরু হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র অধ্যাপক নিছার উদ্দিন আহমদ মঞ্জুর উত্তর কাউন্সিলী সিটি কর্পোরেশন গার্লস স্কুল এন্ড কলেজে ৩০ ডিসেম্বর ২০১৭ খ্রি. শনিবার সকালে এই স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। এই সময় সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর আবিদা আজাদ, থানা নির্বাচন কর্মকর্তা এম আনোয়ার, উত্তর কাউন্সিলী ওয়ার্ডের সমাজ সেবক সুলতান আহম্মদ, ইকবাল চৌধুরী, কামাল উদ্দীন মাস্টার, আবু সুফিয়ান, প্রকৌশলী তপন মাস্টার, মো. জাকীর হোসেন, রোকন উদ্দীন চৌধুরী রাজু, হারুন, শুভ প্রমুখ ভারপ্রাপ্ত মেয়রের সাথে ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম  
জনসংযোগ কর্মকর্তা